যা দেবী সর্বভূতেষু শক্তিরূপেণ সংস্থিতা নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমঃ নমঃ।।

Durga Puja 2020

KRISHTI

BENGALI CULTURAL SOCIETY OF EDMONTON

WWW.krishti.ca

Contents

Features

03 Message from the Prime Minister of Canada
04 Message from the Premier of Alberta
05 Message from the Mayor of Edmonton
06 Editorial
07 Jwaalaa..... *Samaresh Majumdar*
10 Paabo Ki Tomaay..... *Ashokendu Sengupta*
11 Bhooter Biye..... *Sanjib Chattopadhayay*
17 Bangaleer Mahakash Abhijaan ..... *Satyam RoyChowdhury*
21 Rahim Chaachaar Dera ..... *Bithi Chattopadhyay*
23 Maatraa Britye Duti Payaar .....*Farid Ahmad Dulal*
23 Shrodhyaspodesu Pabitra Sarkar ..... *Kalikrishna Guha*
25 Maya..... *Shuvankar Nutan*
25 Aleek Bivajan.....*Sudipta Chatterjee*
27 Nisongotar Progaro Premik ..... *Piyas Majid*
27 Sab Jhut Hai ..... *Pranati Thakur*
29 Kishori Binur Golpo ..... *Deepika Ghosh*
33 Teener Talowaar ..... *Prashanta Bhattacharya*
33 Parichay ..... *Chaitali Bramha*
33 Mridanga..... *Anindita Basu Sanyal*
35 Stormy Behaviour ..... *Saswata Ghosh*
37 Heritage..... *Shreya Ghosh*
39 **List of Members**

DISCLAIMER:

Every precaution has been taken to prevent errors or omissions and, therefore, no liability will be assumed by "*Krishti-Bengali Cultural Society of Edmonton*" for damages caused to anybody by such errors or omissions in the preparation and printing of this Durga Puja 2020 magazine. Also, *Krishti* is not responsible for inaccuracy of any information and will not take part in any controversy arising as a result of the articles, advertisements or any other items published in Durga Puja 2020 Souvenir Magazine. The user may verify the validity from the original source of the information.

PRIME MINISTER · PREMIER MINISTRE

October 23, 2020

Dear Friends:

I am pleased to extend my warmest greetings to everyone celebrating the Durga Puja festival.

Also known as the Dusherra Festival, Durga Puja is a celebration of the victory of good over evil. This festival, which embodies our shared values of respect, inclusion and pluralism, also reminds us that diversity is our greatest strength.

I would like to thank the members of the Krishti Bengali Society of Edmonton for their dedication to fostering fellowship in the community. You can take pride in your contributions to the vibrant multicultural fabric of our nation.

Please accept my best wishes for a joyous celebration.

Sincerely,

The Rt. Hon. Justin P. J. Trudeau, P.C., M.P.
Prime Minister of Canada

MESSAGE FROM THE PREMIER OF ALBERTA

On behalf of the Government of Alberta, it is my pleasure to send greetings to the Krishti Bengali Cultural Society of Edmonton as you celebrate Durga Puja.

This important festival is a much-anticipated event for the Bengali community, here in our province and around the world. While COVID-19 has dictated that we all learn to do things a bit differently, I know the joy and blessing these cherished traditions bring are more important than ever. I hope everyone enjoys this opportunity to worship and commemorate the victory of good over evil.

I appreciate the Krishti Bengali Cultural Society's commitment to strengthening community and fostering Bengali culture and heritage. Thank you for being part of Alberta's story.

Warm wishes for a happy Durga Puja that brings good health, happiness and prosperity to each of you.

Hon Jason Kenney, Premier of Alberta

Message from His Worship Mayor Don Iveson

On behalf of City Council and the people of Edmonton, welcome to the celebration of Durga Puja.

While people around the world continue to grapple with the COVID-19 pandemic, it's more important than ever that we take the time to celebrate where we can, while staying safe and healthy. I encourage Edmontonians to continue to safely rejoice in the harvest and the victory of the Goddess Durga. The diversity of religions, faiths and beliefs of our citizens is an important part of what makes our city vibrant and welcoming.

I thank the Krishti Bengali Cultural Society of Edmonton for its commitment to promoting Durga Puja. Your efforts help Edmontonians to grow in their faith and help to build a more vibrant and inclusive city for all of us.

Yours truly,

Don Iveson
Mayor

KRISHTI
Bengali Cultural Society of Edmonton
Corporate Access No. 5020433156

15848 -13 Ave SW
Edmonton, AB T6W 2N5
www.krishti.ca
e-mail: info@krishti.ca
phone : 780-964-9146

'Krishti - Bengali Cultural Society of Edmonton' is not just Edmonton based Canadian branded Bengali Community, it is now a household name among overseas Bengali Communities worldwide. Dedicated, hardworking, open minded and loyal volunteers, old and young, have made it possible. You all have proved once again "*Together we win*".

As we celebrate '**2020 Shuvo Sharodiya'** in the middle of an unusual pandemic, our usual fervor and gusto for our "Durga Puja" is totally alive. We may not be standing shoulder to shoulder in the community hall this year, but as long as the drum beats, as long as the conch blows, as long as the bell tolls, and as long as the catkins undulate in tandem with the genteel wind, no power on the earth can keep '**Krishti**' away from celebrating the biggest festival of our Bengali Community. In the words of the poet – *"whether flowers bloom or not, it's spring today".* So "No Matter What! Today is our "**Durga Puja**".

Our prayer to the mighty Goddess **Durga Ma** is to be with us during this world health crisis that the human race has been facing. This year we did not seek any support from the local businesses realizing the COVID-19 has taken a tremendous economic toll. However, we wish with the blessing of mighty Goddess **Durga**, the local businesses as well as the global economy will recover from their financial challenges quickly once the pandemic is over. Our sincere thanks go to overseas and local writers, photographers and specially to children whose articles, paintings have enriched this year's magazine.

Special thanks to *Debaprasad Hazra* for cover page painting and *Hong Liang* for compiling the magazine. We invite one and all of our Bengali friends to come forward and connect through the virtual magazine.

"May **Ma Durga** give us the courage to fight all evils including COVID-19". Stay safe and healthy with social distancing, and all precautionary guidelines proposed by the government.

Shuvo Durga Puja and Shuvo Bijoya.

Sincerely,

2020 'Durga-Puja' Magazine Committee
'Krishti'…*where culture begins*
October 24, 2020

Current Executive Committee Members

President: Sreepati Dey ∞ **Vice President:** Ranjan Chowdhury ∞ **General Secretary:** Samrat Dutta ∞ **Treasurer:** Anjan Sen
Cultural Secretary: Santa Saha ∞ **Sports Secretary:** Ashis Sarker ∞ **Youth Secretary:** Meghna Upadhyay
Ex-Officio: Ananda Saha

জ্বালা

সমরেশ মজুমদার

কাজের মেয়ে সবিতা সাতসকালে শোয়ার ঘরে ঢুকে হতভম্ব। যা দেখছে তা নিজেই বিশ্বাস করতে পারছে না সে। জানলার পাশে রাখা ন্যাড়া টেবিলের ওপর বসে আছেন গিন্নিমা। প্রায় পদ্মাসনে। হাসি হাসি মুখ। মাথার ঘোমটা টানা রয়েছে কপাল পর্যন্ত। জানলার ওপাশে কাঁঠালগাছের ডালে চুপটি করে বসে গিন্নিমাকে দেখছে মিশমিশে কালো একটা দাঁড়কাক। সবিতা গিন্নিমাকে কথা বলতে শুনল, 'জন্মিলে মরিতে হবে, অমর কে কোথা কবে! আচ্ছা, বল তো, অমর হয়ে থেকে লাভ কী হবে? মরে যাওয়ার পর রাস্তার পাশে মূর্তি বসালে তোরা তো তার মাথায় বাজ্রি করিস, অমর হতে চাইলে কত কী যে হবে কে জানে! ঝ্যাঁটা মার অমরত্বের মাথায়। তার চেয়ে হরির নাম নিই। বল হরিবোল।' কথাগুলো বলেই ফিক হেসে ফেললেন গিন্নিমা। বললেন, 'তুই সত্যি বলছিস?'

সবিতা দেখল মিশমিশে কালো দাঁড়কাকটা মাথা নেড়ে যেন হ্যাঁ বলল। শব্দহীন সেই সংলাপ গিন্নিমা যেন কান পেতে শুনলেন। তারপর দ্রুত মাথা থেকে ঘোমটা সরিয়ে দিয়ে বললেন, 'ওমা, এতক্ষণ বলোনি কেন? ইস্। পরপুরুষ ভেবে মাথায় ঘোমটা দিয়ে বসেছিলাম এই গরমে। ছি ছি ছি!'

গিন্নিমা মাথা থেকে আঁচল নামিয়ে একটু শরীরে দোলাতেই দাঁড়কাক নিঃশব্দে উড়ে গেল। সঙ্গে সঙ্গে স্থির হয়ে গেলেন গিন্নিমা তাঁর শরীর নড়ছে না। পিছন থেকে পাথরের মূর্তি বলে মনে হচ্ছে।

এখন যা দেখল তা সবিতা বিশ্বাস করতে পারছিল না। গিন্নিমা কি কাকটার সঙ্গে খেলা করছিলেন? অনেকেই বাড়ির পোষা বেড়াল-পাখির সঙ্গে আদরের খেলা করে। রোজ যে পাখি জানলার সামনে আসে, সেটা কাক হলেও সম্পর্ক তৈরি হয়ে যায়। তাকে মুখে মুখে আদর করা যেতেই পারে। ওই কাকটাকে কি গিন্নিমা আদর করছিলেন? কিন্তু হঠাৎ আচরণ বদলে গেল। মাথার ঘোমটা এমন ভঙ্গিতে সরালেন যে মনে হল অতি ঘনিষ্ঠ কাউকে দেখছেন।

কিন্তু একটা দাঁড়কাক ওঁর ঘনিষ্ঠ হয় কী করে? দরজায় দাঁড়িয়ে সবিতা ডাকল, 'গিন্নিমা!'

গিন্নিমা সাড়া দিলেন না। তাঁর শরীর একটুও নড়ল না। পা টিপে টিপে সবিতা জানলার পাশের ন্যাড়া টেবিলের কাছে এসে একটু ঝুঁকে উঁকি মারল। নেড়েই চমকে সোজা হল। গিন্নিমার চোখ খোলা, স্থির। কিন্তু সেই চোখ কিছু দেখছে বলে মনে হল না। একটু আগে যে মানুষ কাকের সঙ্গে কথা বলছিল সে এমন পাথর হয়ে যায় কী করে? পা টিপে টিপে সবিতা আবার দরজার কাছে এসে চিৎকার করল, 'গিন্নিমা ও গিন্নিমা! ন্যাড়া টেবিলে উঠে বসেছেন কেন? পড়ে গেলে এই বয়সে হাত-পা ভাঙবে যে!'

ভেতরের ঘর থেকে এই বাড়ির বউদির গলা ভেসে এল, 'এই সবিতা ষাঁড়ের মতো চেঁচাচ্ছিস কেন? কানের পোকা বের করে দিলি যে!'

'দ্যাখো বউদি, তোমার শাশুড়ির কাণ্ড। এদিকে এসো!' সবিতা ডাকল।

এই বাড়ির বউদি শর্মিলা বেশ সুন্দরী। তাই তার ভাবভঙ্গি একটু আলাদা। সে কাছে এলে সবিতা আঙুল তুলে গিন্নিমাকে দেখিয়ে দিল।

শর্মিলা জিজ্ঞাসা করল, 'কী হয়েছে ওঁর?'

'তুমি জিজ্ঞাসা করো। আমাকে তো উত্তর দিচ্ছেন না।' সবিতা বলল।

এক পা এগিয়ে শর্মিলা গলা তুলল, 'মা, আপনার কি কিছু হয়েছে?'

গিন্নিমা কোনও জবাব দিলেন না। পাথরের মূর্তির মতো বসে রইলেন।

শর্মিলা কাছে গিয়ে তাঁর কাঁধে হাত রাখল। গিন্নিমার শরীর শক্ত হয়ে রয়েছে। শর্মিলা ঝাঁকুনি দিল, 'আপনার কী হয়েছে?'

'কে?' ঠোঁট নড়ল, শব্দ বের হল গিন্নিমার শরীর থেকে।

'আমি, শর্মিলা, আপনি এমন করছেন কেন?'

সাড়া না পেয়ে শর্মিলা সবিতাকে বলল, 'তাড়াতাড়ি যা, দাদাকে ডেকে আন।'

সবিতা ছুটল। খানিক বাদে অজয় প্রায় দৌড়ে চলে এল, 'কী হয়েছে মায়ের?'

'জ্ঞান নেই কিন্তু বসে আছেন। পাল্‌স দেখলাম, চলছে।' শর্মিলা বলল।

'সে কি!' অজয় তার মায়ের সামনে এসে ভালো করে দেখে নিচু গলায় ডাকল, 'মা, ওমা কী হয়েছে তোমার?'

গিন্নিমা যেমন ছিলেন তেমনই রইলেন।

'মাকে শুইয়ে দাও। তাড়াতাড়ি।'

স্বামী-স্ত্রী মিলে ধরাধরি করে গিন্নিমাকে শুইয়ে দুটো পা সোজা করে দিল। অজয় বলল, 'কী করা যায় বলো তো।'

'আমার ভালো মনে হচ্ছে না। তুমি ডাক্তারকে খবর দাও।' শর্মিলা বলল।

অজয় মোবাইলের বোতাম টিপল। ওপাশে কোনও শব্দ বাজছে না। দ্বিতীয়বার ব্যর্থ হবার পর সে স্ত্রীকে বলল, 'ফোন বন্ধ।'

'আশ্চর্য! কলকাতার সব ডাক্তারের ফোন কি বন্ধ হয়ে গেছে? আর কারও নাম্বার না জানা থাকলে পাশের বাড়ির ডাক্তারকে ডেকে আনো।'

স্ত্রীর আদেশ শুনে দ্রুত বেরিয়ে গেল অজয়। তার বলতে ইচ্ছে করছিল পাশের বাড়ির ডাক্তার খুব খারাপ লোক। শর্মিলাকে দেখতে পেলে চোখ সরায় না।

শর্মিলা খুব নরম গলায় ডাকল, 'মা!'

গিন্নিমা সাড়া দিলেন না। সেই বিস্ফারিত চোখ, ঠোঁটে রহস্যময় হাসি, বসে আছেন তো আছেনই।

'মা, আপনার কি খুব কষ্ট হচ্ছে?' শর্মিলা জিজ্ঞাসা করল।

এতক্ষণে শাশুড়ির শরীর ঈষৎ কেঁপে উঠল। খুব নিচু স্বরে বললেন, 'আমাকে তুলে ধরো।'

বসে থাকা মানুষকে কীভাবে তুলে ধরা যায় বুঝতে না পেরে শর্মিলা জিজ্ঞাসা করল, 'আপনার কি শরীর খারাপ লাগছে? উঠতে পারছেন না?'

উত্তর না দিয়ে গিন্নিমা শরীর কাঁপিয়ে নিঃশব্দে হাসলেন। তারপর বললেন, 'গানটা গাও তো। আমার এ দেহখানি তুলে ধর—!'

হেসে ফেলল শর্মিলা, 'একটু অপেক্ষা করুন। ডাক্তার আসছে।'

আবার হাসলেন গিন্নিমা, 'ও মা! তাই?'

শর্মিলা মনে মনে বলল, 'নেকি।'

খুব তাড়াতাড়ি ডাক্তারকে সঙ্গে নিয়ে এল অজয়, 'আসুন, এই ঘরে—।'

ডাক্তারকে দেকে শর্মিলা একটা চেয়ার এগিয়ে দিল। ডাক্তার জিজ্ঞাসা করলেন, 'কী হয়েছে? খুব কষ্ট হচ্ছে?'

গিন্নিমা হাসিমুখে ডাক্তারকে দেখে আবার মুখ ঘুরিয়ে নিলেন।

অজয় বলল, 'এইরকম করছেন, কথা বলছেন না।'

ডাক্তার বললেন, 'হুঁ!' তারপর ব্যাগ খুলতে খুলতে জিজ্ঞাসা করলেন, 'আপনি ভালো আছেন তো?'

শর্মিলা গম্ভীর হল, 'আমি ভালো আছি, মা অসুস্থ।'

'জানি, জানি, উনি বলেছেন।' হাত বাড়িয়ে গিন্নিমায়ের কব্জি ধরলেন ডাক্তার, 'বলুন কী হয়েছে? শরীর খারাপ লাগছে?'

গিন্নিমার ঠোঁটের হাসি মেলাল না। নাড়ী দেখে ডাক্তার বললেন, 'হুম্। এখন বলুন, কম্প্লেনটা কী?'

অজয় বলল, 'আপনাকে তো তখন বললাম।'

ডাক্তার বিরক্ত হলেন, 'আপনি একজন ছেলের চোখ দিয়ে বলেছেন। তাতে তো পুরোটা জানা যায় না। ম্যাডাম, আপনি বলুন।'

'এখন মাকে যেরকম অ্যাবনর্মাল দেখাচ্ছে তা তো কখনও হয় না, তাই আপনাকে খবর দেওয়া হয়েছে। মায়ের ঠিক কী হয়েছে তা আমি জানি না।'

'গুড। আপনি যেভাবে বর্ণনা করলেন তা যদি সবাই পারত তাহলে ডাক্তাররা ভুল পথে যেত না। কিন্তু এরকম হাসিমুখে কথা না বলে উনি কতক্ষণ বসে আছেন?' ডাক্তার জিজ্ঞাসা করলেন।

দূরে দাঁড়িয়ে থাকা কাজের মেয়ে সবিতা বলে উঠল, 'সকাল থেকেই।'

'ও। এক কাজ করুন। ওঁকে দু'জনে মিলে ধরে শুইয়ে দিন।'

ডাক্তারের পরামর্শমতো শর্মিলা আর সবিতা একটু জোর করেই গিন্নিমাকে শুইয়ে দিল। বালিশে মাথা রেখে ঈষৎ ফুঁপিয়ে উঠলেন গিন্নিমা।

ডাক্তার জিজ্ঞাসা করলেন, 'আপনার কি কষ্ট হচ্ছে?'

মাথা নাড়লেন গিন্নিমা, 'না তো।'

'তাহলে কাঁদলেন কেন?' ডাক্তারের প্রশ্ন ।

'আনন্দে। কতদিন পরে তাঁকে দেখলাম। কথা বলিও না। ও বিরক্ত হচ্ছে।' গিন্নিমা হাত বাড়িয়ে কাউকে যেন স্পর্শ করলেন।

'আপনি কার কথা বলছেন? ওখানে তো কেউ নেই?'

'আঃ। ও বউমা, এটা কে? ওকে তাড়াও তো। বিরক্ত করে মারছে। বলে কিনা কেউ নেই। চোখ থাকলে তো দেখবে! মন থাকলে তো বুঝবে তিনি আছেন সবখানে। ওরকম অন্ধ লোক তাঁকে দেখবে কী করে।' গিন্নিমার চোখ বুজে এল। ডাক্তার তাড়াতাড়ি তাঁর কব্জি ধরলেন। বললেন, পালস্ তো ঠিক আছে। খামোখা আমাকে ডেকে আনলেন।'

ডাক্তার উঠে দাঁড়ালেন। অজয় জিজ্ঞাসা করল, 'আপনাকে কত দিতে হবে?'

'দূর! পাশের বাড়িতে থাকি, টাকা নেব কেন? আচ্ছা, আপনার বাবা কবে গত হয়েছেন?'

'দশ বছর।'

'বাব্বা! এখনও মনে রেখেছেন! আজকাল এরকম টান দেখা যায় না। ওঁর নাম কী ছিল?'

'সমরেন্দ্র।' অজয় জবাব দিল।

ডাক্তার গিন্নিমার দিকে ঝুঁকল, 'ঘুমিয়ে পড়ুন আমি কোনও ওষুধ দিলাম না। সমরেন্দ্রবাবুর কথা বেশি ভাববেন না।'

চলে যেতে যেতে থমকে দাঁড়ালেন ডাক্তার। গিন্নিমার গলা কানে এসেছিল, 'বয়ে গেছে ভাবতে। আমি মরছি নিজের জ্বালায়! যত্তোসব!

ডাক্তার দ্রুত পা চালাল।

আড়চোখে স্বামীর দিকে তাকিয়ে নিচু গলায় শর্মিলা বলল, 'ঠিক বলেছেন মা, সব মেয়েই নিজের জ্বালায় জ্বলেপুড়ে মরে!'

পাবো কি তোমায় / অশোকেন্দু সেনগুপ্ত

গন্ধে, অনুভবে, একই ছন্দে
পাব তো তোমাকে

শরীরে শরীর ডুবিয়ে পেয়েছি তোমাকে
তবু তো মেটে না স্বাদ, প্রশ্ন জেগে ওঠে
পাব কী তোমাকে গন্ধে, অনুভবে, স্বাদে, বর্ণে
কালো কালো ঢেউগুলো এলে আলো এলে
অন্য কোনও বাতিঘর থেকে
পাব তো তোমাকে অন্ধকারে,
যুদ্ধ ও বিরতিতে
একই ছন্দে, একই স্বাদুগন্ধে ও বর্ণে?

ভূতের বিয়ে

সন্জীব চট্টোপাধ্যায়

অনেকদিন আগেকার কথা।

তখন বাংলাদেশে এখনকার মত ঘরে ঘরে লাইট হয়নি। গ্রাম অঞ্চলে যাতায়াতের পথও জ ছিল না।

রাধাকৃষণপুর একটা গ্রাম।

বাংলাদেশের আর পাঁচটা গ্রামের মতই জঙ্গল, নদী, খাল, বিল ছিল এখানে।

কিন্তু গ্রামে সড়ক ভালো নয়।

একটা ছোট নদী পেরিয়ে গ্রামে আসতে হয়। আর বর্ষাকালে পথ-ঘাট সবই জলে ভেসে যায়।

এই গ্রামেই বাস করতেন এক ব্রাহ্মণ—নাম তাঁর অনুপম চাটুজ্যে।

চাটুজ্যেরা বর্ধিষ্ণু পরিবার। তা ছাড়া অনেক দিন তাঁদের এই গ্রামেই বাস। সকলেই তাই সম্মান করে তাঁদের। তাঁদের বেশ কয়েক বিঘে জমি আছে। তা ছাড়া আছে গোরু, বলদ, ভিটে, ধানের গোলা ও পুকুর। এক কথায় অভাব কাকে বলে তাঁরা তা জানেন না।

বর্তমানে এই চাটুজ্যে বংশের প্রধান হলেন গদাধর চাটুজ্যে।

তিনিই শেষ বংশধর। অন্য শরিকরা কেউ মারা গেছে, কেউ বা গ্রাম ছেড়ে শহরে চলে গেছে।

গদাধরের মেয়ের বিয়ে ঠিক হয়েছে কলকাতা শহরের এক ধনী ব্যবসায়ীর ছেলের সঙ্গে।

মেয়েটি খুব সুন্দরী। তা ছাড়া বর্ধিষ্ণু পরিবার। তাই তার ছেলের বিয়ে ঠিক করেছেন এখানেই।

জ্যৈষ্ঠ মাসে বিয়ে।

তখনও বর্ষা নামেনি। তা ছাড়া গ্রামের পরিবেশের সঙ্গে শহরের লোক পরিচিত নয়! তাই এই মাসেই বিয়ে ঠিক হয়েছে।

পাত্রপক্ষ থেকে ঠিক হয়েছে বাইশে জ্যৈষ্ঠ বিয়ে হবে।

পাত্র নিজে এসে মেয়ে দেখে গেছে। তার খুব পছন্দ হয়েছে পাত্রীকে।

মেয়ের বাবা গদাধর নিজে পাত্রকে আশীর্বাদ করেছেন। পাত্র বলেছে—বিয়ের দিন ঠিক তারা এসে যাবে—যত জল-ঝড় হোক—ঠিক আসবেই।

রাত দশটায় লগ্ন।

তিন-চারদিন আগে থেকেই গদাধর সব ব্যবস্থা করে রেখেছে।

কলকাতার পাত্র—কখন কী গোলমাল হয় বলতে পারা যায় না। তাই সব দিক থেকে আয়োজন করা শুরু হয়েছিল বেশ কয়েকদিন আগে থেকেই।

কিন্তু বিয়ের তিন-চার দিন আগে ব্যবস্থা করলেও ঠিক আগের দিন থেকে শুরু হয়ে গেল তুমুল ঝড়-জল।

গদাধর চিন্তায় পড়লেন।

নদীর ঘাটে নৌকা ছিল না। তবু মাঝিকে বলে-কয়ে কিছু টাকা আগাম দিয়ে নৌকা তৈরী করে রেখেছে গদাধর।

নির্দিষ্ট দিন এসে গেল।

তখনও তুমুলভাবে ঝড়-জল চলছে।

গদাধর চিন্তায় পড়ে গেল।

রাত নটা বেজে গেল। তবু পাত্রপক্ষের দেখা নেই। গ্রামের নিমন্ত্রিত অতিথিরাও খুব বেশি সংখ্যায় আসেনি। বড়জোর দশ-বারোজন। ঝড়ের ভয়ে কেউ বের হয়নি ঘর ছেড়ে।

দশটায় লগ্ন।

ন'টা বেজে গেলে গদাধর চিন্তায় পড়ে গেল। এখনো পাত্র এলো না—শেষে কী যে হবে তা একমাত্র ভগবান জানেন।

গদাধর ভগবানকে ডাকতে লাগলেন।

তাঁরা কুলীন ব্রাহ্মণ। বিয়ে লগ্ন পার হয়ে গেল তো বিয়ে হবে না মেয়ের।

তখন কী হবে?

মেয়ে কি লগ্নভ্রষ্টা হবে?

গদাধর বড় চিন্তায় পড়ে গেল। সে লোক পাঠাল নদীর ঘাটে।

নদীর ঘাটে এক কোমর জলে লোকজন দাঁড়িয়ে আছে সব। সকলেই অধীরভাবে প্রতীক্ষা করছে কখন পাত্রপক্ষ আসে।

কিন্তু পাত্রপক্ষের আসার নাম নেই। সময় বয়ে চলেছে। হঠাৎ গদাধরের লোকেরা দেখতে পেলো একটি লোক নৌকায় চড়ে নদী পার হয়ে আসছে!

তারা আশান্বিত হলো।

তা হলে নিশ্চয় পাত্রপক্ষ থেকে কেউ আসছে এপারে।

নদী পার হয়ে এপারে এলো লোকটা! মাঝি নৌকা ভিড়াল।

সকলে আনন্দে কলরব করে উঠল।

বর স্বয়ং এসেছে। পরনে সুন্দর পোশাক—গরদের পাঞ্জাবি, ধুতি-চাদর, হাতে তিন চারটে সোনার ঝকঝকে আংটি।

গদাধরের লোকজন ছুটে গেল।

—আপনি?

—হ্যাঁ। গদাধর চাটুজ্যের বাড়িতে যাব।

—আসুন, আসুন!

সকলে আনন্দে কলরব করে উঠল—পাত্রপক্ষ এসে গেছে।

তারা বললে—চলুন।

লোকটি বললে—আমিই বর। ঝড়-জলে লোকজন কেউ আসতে পারেনি। তারা পরে আসবে। আমি আগেই জলে ভিজে এসে গেছি।

তারা দেখল, সত্যিই লোকটির আপাদমস্তক যেন জলে ভিজে সপসপ করছে।

সঙ্গে সঙ্গে পালকি এসে গেল।

বরকে পালকিতে তুলে সকলে এসে গেল গদাধর চাটুজ্যের বাড়ি।

সঙ্গে সঙ্গে সেখানে আনন্দের সাড়া পড়ে গেল। বাড়ির লোকেরা সব একসঙ্গে উলুধ্বনি করে উঠল—বর এসে গেছে।

বরের কাপড়-জামা ছাড়ানো হলো। গরদের চেলী পরে বর চলল বিয়ে করতে।

শুভদৃষ্টি হলো।

কিন্তু কন্যা অবাক! দৃষ্টি যেন স্বাভাবিক নয়। চোখ দুটো যেন মড়ার চোখের মতো। কিন্তু আগে তো সে এমন ছিল না।

কন্যা ভাবল—নিশ্চয়ই জলে ভিজে বরের এই অবস্থা হয়েছে।

যা হোক, উলুধ্বনি হলো, শাঁখ বাজল।

উলুধ্বনির মাঝে শুভদৃষ্টি হলো, সাত পাকও হয়ে গেল।

বর বসল পিঁড়িতে।

কন্যা সম্প্রদান হলো।

কিন্তু কন্যা আরও অবাক!

বরের হাতটা যেন কনকনে ঠাণ্ডা। ঠিক যেন বরফের মতো ঠাণ্ডা তার হাত!

কন্যা ভাবল, এটাও বোধহয় জলে ভিজে হয়েছে!

সম্প্রদান হয়ে গেল।

বর-কন্যা বাসরঘরে উঠল।

বাসরঘরে তারা ঘুমোল। গদাধর বরকে শুধু একবার প্রশ্ন করল—ওরা কোথায়?

বর বললে—ওরা জলে আটকে পড়েছে, বোধহয় সকালে আসবে।

বরকনে বাসরঘরে শুয়ে পড়ল।

পরদিন ভোরে গদাধরের ঘুম ভাঙল।

এত সকালে ঘুম ভাঙত না। আগেরদিন এত খাটা-খাটুনি গেছে যে, শরীর ওঠে না। তবু উঠে বসতে হলো।

ডাকপিয়ন এসেছে পোস্টঅফিস থেকে। সে কড়া নাড়ছে—

খট্ খট্ খট্—

চাকর দরজা খুলে দিল।

—কি ব্যাপার?

—টেলিগ্রাম এসেছে।

—কোত্থেকে?

—কলকাতা থেকে।

—কবে

—কাল সন্ধ্যায়।

—তা হলে আজ তা কেন এলো আমাদের কাছে? কি ব্যাপার?

—কাল যা ঝড়-জল। টেলিগ্রাম বিলি করার উপায় ছিল না।

—দাও দেখি।

গদাধর টেলিগ্রাম নিয়ে খুলল। কিন্তু সে ইংরেজী পড়তে পারে না।

পাড়ার একজন লোককে ডাকা হলো। সে পড়ল টেলিগ্রামটা।

তাতে লেখা—

বিশেষ দুঃখের সঙ্গে জানানো হচ্ছে যে, এই বিয়ের বর আজ সকালে মারা গেছে কলেরা হয়ে। তাই আমরা এ বিয়েতে অগ্রসর হতে পারলাম না বলে ক্ষমা করবেন।

নিচে বরের বাবার নাম সই করা।

পড়ে তো গদাধর অবাক!

বরকনে যে এখনো শুয়ে আছে বাসরঘরে। আর এই যে বর তাতে কোনও সন্দেহ নেই।

গদাধর এলেন মেয়ের ঘরে।

দরজায় ধাক্কা দিতেই দরজা খুলে গেল।

মেয়ে শুয়েছিল বেনারসী শাড়ী পরে। মাথায় জ্বলজ্বল করছে সিঁদুর।

গদাধর ডাকলে—মা!

—কি বাবা?

—জামাই কোথায়?

—সে তো ভোরে উঠে গেল। বললে—একটু ঘুরে আসি।

—সে আর ঘুরে আসেনি!

—না।

—কতক্ষণ গেছে?

—প্রায় আধঘণ্টার বেশি হলো।

গদাধরের মাথায় হাত। বললে—বর বলেছিল যে জল-ঝড় যাই হোক, সে আসবেই, তাই সে এসেছিল।

—কি ব্যাপার?

—বর আসেনি। এসেছিল তার আত্মা।

—তার মানে?

—মানে বর কাল সকালেই মারা গেছে।

—মারা গেছে?

—হ্যাঁ।

কোনও উত্তর দিতে পারল না মেয়ে। তার দুচোখ দিয়ে জল গড়িয়ে পড়ল।

শেষ পর্যন্ত ভূতের সঙ্গে তার বিয়ে হয়েছে, এ দুঃখ সে সহ্য করবে কেমন করে!

এ গ্রামের লোকেরা কোনদিন গদাধরের কন্যার এই অদ্ভুত বিবাহের কথা ভুলতে পারেনি।



Sunset, Kumarokam, Kerala

by Samarendra N. Maiti



by Amrita Sanyal

by Camelia Bhattacharya

বাঙালির মহাকাশ অভিযান / সত্যম রায়চৌধুরী

কল্পবিজ্ঞানের গল্প অনেক পড়েছি। সত্যজিৎ রায়ের প্রফেসর শঙ্কু তো একসময় মুখস্থ ছিল। স্পিলবার্গের ই টি এখনও চান্স পেলেই দেখি। কিন্তু তাবলে নিজেই সেই সাই ফাই দুনিয়ার একেবারে ভেতরে ঢুকে পড়তে পারব, ভাবতে পারিনি। গত একবছর ধরেই অবশ্য ভাবছিলাম অামেরিকার হিউস্টনে অায়োজিত বঙ্গসম্মেলনে যদি যাওয়াই হয় শেষ পর্যন্ত তাহলে অার কোথাও বেড়াই না বেড়াই নাসা দেখতে যাবই। অমেরিকার মহাকাশ গবেষণা কেন্দ্র ' ন্যাশানাল অ্যারোনটিকাল অ্যান্ড স্পেস এজেন্সি'। হিউস্টনে রয়েছে এর কন্ট্রোল ইউনিট 'জনসন স্পেস সেন্টার'। প্রয়াত মার্কিন প্রেসিডেন্ট লিনডন বি জনসনের নামে। উনি টেক্সাসের মানুষ ছিলেন অার অামেরিকার হিউস্টন শহরটা টেক্সাস রাজ্যে। মহাকাশে মানুষ পাঠানোর যাবতীয় অামেরিকা এখান থেকেই করে। অামজনতার কাছে এখনও পর্যন্ত যে সবচেয়ে রোমহর্ষক যে মহাকাশ অভিযান নীল অামস্ট্রঙের চাঁদে পা রাখা, সেই ঐতিহাসিক অভিযানেরও পরিকল্পনা থেকে সাফল্য পর্যন্ত শেষ ধাপ ওই জনসন সেন্টারেরই। ১৯৬৯ সালের ২০ শে জুলাই গোটা বিশ্বের চোখ ছিল এই হিউস্টনের ওপর। তখন কতইবা বয়স বড়োদের! বড়োদের মুখে শুনে শুনে বিরাট উত্তেজনা জেগেছিল মানুষ চাঁদে পা রেখেছে বলে কথা! জনসন স্পেস সেন্টারের নাম তখন ছিল ম্যানড স্পেস ক্রাফড সেন্টার।

বড় হয়ে জেনেছি, যে মুহূর্তে রেডিওতে শোনা গিয়েছিল যে অার্মস্ট্রং চাঁদের মাটিতে পা রেখেছেন, তুমুল উল্লাসে ফেটে পড়েছিল সবাই। চাঁদের মাটিতে পা বলাটা অবশ্য ভুল, কারণ মাধ্যাকর্ষণ না থাকায় চাঁদের মাটিতে অাক্ষরিক অর্থে পা রাখা সম্ভব নয়। বরং বলা ভাল অার্মস্ট্রং মুনওয়াক করতে করতে বলেছিলেন, ' হিউস্টন দ্য ইগল হ্যাজ ল্যান্ডেড। ' সেই ঐতিহাসিক স্পেস সেন্টারে পা রেখে রোমাঞ্চিত হব সেটাই স্বাভাবিক। এরমধ্যে এক দুজন তো নয় একেবারে জনা কুড়ির একটা দল এসেছি ছোটবেলার স্বপ্নে দেখা অলীক রাজ্যে। কলকাতা থেকে যতজন বঙ্গসম্মেলনে এসেছি প্রায় সবাই নাসা দেখতেও এসেছি। কেউ গান গায়, কেউ অাবৃত্তি করে, কেউ বাজনা বাজায়, কেউ রিপোর্টার, কেউ ফটোগ্রাফার, কেউ ব্যবসায়ী -- হরেকরকমা টিম। অামাদের হোস্ট অশোকদা, অশোক দে সরকার অামার দাদার মত, দীর্ঘদিন হিউস্টন প্রবাসী। ওঁর কোম্পানির ম্যানেজার ডেভিড অাপাতত অামাদের টিমেরও ম্যানেজার। সকাল সকাল উঠে হোটেলের লবিতে এতগুলো লোককে একত্র করে বাসে তোলা কি সোজা কথা! ফলে বেরোতে একটু দেরি হয়ে গেল। ডাউনটাউন হিউস্টনে অামাদের হোটেল থেকে বেশ কিছুটা দূরে বিশাল জায়গা জুড়ে জনসন স্পেস সেন্টার --- ষোলোশো একরেরও বেশি। এলাকাটার নামটা অদ্ভুত ক্লিয়ার লেক। বাস থেকে নামতেই ঝকঝকে নীল অাকাশ। অার প্রখর রোদ। জুলাই মাস হিউস্টনে ভরা গ্রীষ্ম। দূষণ নেই, তাই অাকাশ এমন চোখধাঁধানো। ২৪ ডলারের টিকিট কেটে ভেতরে ঢুকতেই অবশ্য অালো অাঁধারি, রহস্যময় এক জগৎ। এখানে থাকলে একটু পর থেকেই নিজেকে মনেহবে মহাকাশ মিশনের টিম মেম্বার। যেন এখনই ডাক অাসবে পরবর্তী অভিযানে সামিল হওয়ার। নাসার বিখ্যাত লোগোর সামনে দাঁড়িয়ে ছবি তোলবার প্রচন্ড হুড়োহুড়ি, সেই ভিড়টা পেরিয়ে এগিয়ে গেলে কত যে দেখার মত জিনিস সাজানো। চাঁদের মাটি থেকে কুড়িয়ে অানা পাথরের টুকরো থেকে শুরু করো মহাকাশযানের মডেল, কী নেই।

এরমধ্যে অামার ছেলে ঋষি কিনে এনেছে অদ্ভুত সব খাবার -- মুন পাই, স্পেস অাইসক্রীম, জটায়ু হলে নির্ঘাত ফেলুদাকে প্রশ্ন করত এগুলো কি মহাকাশচারীরা খান? অামাদের মধ্যেও কেউ কেউ মহা উৎসাহে এরকম প্রশ্নই করল, তবে উত্তর দেওয়ার মতো কারুকে পাওয়া গেলনা। অামরা খুশিমনে ভেবে ভেবে খেতে লাগলাম, কল্পনা চাওলা যদি মহাকাশে বসে সামোশা খেতে পারেন তাহলে অামরা নাসার দপ্তরে কেন অাইসক্রীম খাবোনা! ঋষি ছেলেমানুষ ওর খুব রোমাঞ্চকর লাগছিল মহাকাশচারীদের খাবার দাবার ভেবে ওসব খেতে। কিন্তু সত্যি বলতে কী ওগুলো সাধারণ পাই বা অাইসক্রীমের মতই খেতে, বাচ্চাদের ভোলানোর জন্য শুধু নানা রঙে বা অদ্ভুত অাকৃতিতে তৈরি।

নাসার এই বিশাল চত্বর তো পায়ে হেঁটে ঘোরা সম্ভব নয়। তাই আছে ট্রাম রাইডের ব্যবস্থা। দেড় ঘন্টার ট্রাম ভ্রমণ। যানটা ট্রামের মতো দেখতে বটে, কিন্তু লাইন দিয়ে চলেনা। ছ আটটা কামরা এঁকেবেঁকে চলে রাস্তা বেয়ে। খোলা কামরা, ভেতরে সিটে বসে দিব্যি চারপাশ দেখতে দেখতে চলো। থামলে নেমে পড়ে হেঁটে যাও গন্তব্যে, দেখা হলে আবার ফিরে এসে চড়ে বসো ট্রামে। তারআগে একজন কমবয়সি সাহেব ছবি তুলছিল সবার। ভাবলাম নিরাপত্তার কারণে বোধহয় ছবি তুলে রাখছে দর্শনার্থীদের।

পরে দেখলাম, ব্যাপারটা অন্য দেড় ঘন্টা ঘুরে ফেরবার সময় হাতে গরম ছবি দেবে, অবশ্যই ডলারের বিনিময়ে। তবে সকলকে সে ছবি নিতেই হবে এমন কোনও কথা নেই। সে যাইহোক আমাদের ট্রাম রওনা হোল, এতক্ষণ ঠান্ডায় ছিলাম বুঝিনি। বাইরে বেরিয়ে টের পেলাম ৩৮ ডিগ্রি গরম কাকে বলে! খোলা মাঠের ধারে রাস্তা। আমরা তো গরমের দেশের লোক অভ্যেস আছে। ঘনঘন ঘাম মুছছে সাহেব মেমের দল। সানগ্লাস টুপি কিছুতেই স্বস্তি নেই। আমাদের প্রথম গন্তব্য মিশন কন্ট্রোল। মানে একসময় যেখান থেকে মহাকাশ অভিযান নিয়ন্ত্রিত হোত। একটা জিনিস বুঝতে হবে। অন্তর্জাতিক স্পেস স্টেশন সেন্টারে কিন্তু বহু দেশের নভোশ্চর থাকেন। কন্ট্রোল রুম থেকেই ফ্লাইট কন্ট্রোলাররা পুরোটা নিয়ন্ত্রণ করেন। গ্যালারিতে দর্শকের বসার ব্যবস্থা আর সামনে কাচের দেওয়ালের ওপারে প্রচুর মেশিনপত্র। গাইড সহজ ভাষায় বুঝিয়ে দেন অপরেশন। তাঁর কাছেই শুনলাম ১৯৯৫ সালে ঢেলে সাজানো হয়েছিল এই কন্ট্রোল রুম। খরচ হয়েছিল ২৫০ মিলিয়ন ডলার! চব্বিশ ঘন্টা চালু থাকে সেই নিউ মিশন কন্ট্রোল। গোটা স্পেস স্টেশনের কোন বিভাগের কোন কর্মীর কখন দরকার লাগে বলা তো যায়না।

অবাক হচ্ছিলাম ভেবে যে টিকিট কেটে ঢুকে বসে থাকা যায় এমন একটা জায়গায়, যেখান থেকে অত্যন্ত জটিল মহাকাশ অভিযানের খুঁটিনাটি নিয়ন্ত্রণ করা হয়! কী অসম্ভব দক্ষ এঁরা, কত নিখুঁত এখানকার কর্মীদের টেকনিক্যাল জ্ঞান। কীভাবে দ্রুত সিদ্ধান্ত নিতে হয় এঁদের সংকটের সময়, চুলচেরা অঙ্কের হিসেবে পা ফেলতে হয় - খুব শ্রদ্ধা জাগল মনে দেখে। পুরোনো মিশন কন্ট্রোলের বাড়িটার সিঁড়ি দিয়ে ওঠার সময় দেখেছি বিখ্যাত সব অভিযানের ছবি। জেমিনি, অ্যাপোলো, স্কাইল্যাব, সয়ুজ ---- এসব নাম শুধু বই আর খরবের কাগজে পড়া ছিল এতদিন। এখানে ক্যাপশন সমেত সেসব অভিযানের ছবি ও বিবরণ টাঙানো দেওয়ালে। আছে আর্মস্ট্রঙের ফটো -- এতবছর পরে ভাবলেও কাঁটা দেয় শরীরে --- ' দ্যাট সওয়ান স্মল স্টেপ ফর অ্যা ম্যান, ওয়ান জায়েন্ট লিপ ফর ম্যানকাইন্ড। ' চন্দ্রাভিযানকে এই ভাষাতেই ব্যাখ্যা করেছিলেন আর্মস্ট্রং।

মাটিতেই নেমে এসেছে মহাকাশ। নাসা চত্বরে পাক খেতে খেতে এরকমই মনেহবে। কোনও বাড়ির গায়ে লেখা মার্স, তো কোনওটা স্যাটার্ন। রকেট পার্কে লম্বা করে রাখা স্যাটার্ন ফাইভ রকেট দেখতে গেলে ঘাড় ব্যথা হয়ে যায়, এত উঁচু। গাইড জানালেন এই বিশেষ রকেটটি আমেরিকার কোনজ ৩৬ তলা বাড়ির সমান উঁচু। এটি নাসার তৈরি সবচেয়ে শক্তিশালী রকেটগুলির অন্যতম। অ্যাপোলো মিশনের সময় অর্থাৎ চাঁদে অভিযানের সময় রকেটটি কাজে লেগেছিল। আবারও চন্দ্রাভিযান হলে নাকি একে কাজে লাগানো হবে। স্যাটার্ন ফাইভ পেরিয়ে গেলে একটা বিশাল হ্যাঙার। তারমধ্যে রাখা আছে এক মহাকাশযান। মডেল নয় একশো শতাংশ আসল। চাইলে এক্ষুনি কাজে লাগানো যায়। তাহলে কেন ফেলে রাখা হয়েছে?

জবাবে জানা গেল, টাকার অভাবে নাকি একে উৎক্ষেপণ করা যায়নি। চমকে গেলাম। আমেরিকার, তায় আবার নাসার মতো মহাকাশ গবেষণা কেন্দ্রের কিনা টাকার অভাব! করেই ফেললাম প্রশ্নটা। জানা গেল ভিয়েতনাম যুদ্ধের সময় তৈরি এই মহাকাশযানটি উৎক্ষেপণের জন্য একেবারে তৈরি ছিল। কিন্তু সেই সময় সরকারি কোষাগারে টান ছিল। তাই ক্রমাগত পিছোতে পিছোতে একসময় বাতিল হয়ে গেল প্রকল্পটি। সেই সেই থেকে এটি প্রদর্শনীর আইটেম হয়ে দেশ বিদেশের পর্যটকদের বিস্ময় জাগাচ্ছে।

গরমে গলা শুকিয়ে কাঠ। চাঁদিফাটা রোদে ঘুরে

হা-ক্লান্ত। গাছের ছায়ার বেঞ্চে একটু জিরিয়ে নিলাম। সবাই ফিরলে তবে তো ট্রামে উঠব। মাঠের ওপারে দেখা যাচ্ছে একটা কিয়স্কের ভেতরে কোল্ড ড্রিঙ্কের ভেন্ডিং মেশিন বসানো।

ঋষিকে বললাম, দু-চারটে কোক নিয়ে আসতে। মহা উৎসাহে ছুটে গেল ডলার হাতে নিয়ে। একটু পরেই ফিরে এলো ব্যাজার মুখে মেশিন নাকি খারাপ হয়ে পড়ে আছে ক-দিন ধরে। এদেশেও তাহলে এমন হয়! এর তার কাছ থেকে জল চেয়ে কোনওমতে তেষ্টা মিটল। কেউ কেউ বুদ্ধিমানের কাজ করেছে, বড়সড় টেক্সাস হ্যাট মাথায় দিয়ে এসেছে। রোদ থেকে তো অন্তত বাঁচোয়া। এবারে ট্রামযাত্রায় একটা আশ্চর্য জিনিস দেখলাম। বিরাট বিরাট জার্সি গরু মাথায় শিং, এখানে বলে লং হর্নস। কিন্তু নাসা চত্বরে এতগুলো গরু কী হবে?

আসলে আমাদের রয়্যাল বেঙ্গল টাইগারের মত মর্যাদা টেক্সাসে লং হর্নস-এর। পরে গিফট শপেও দেখেছি নানারকম শো-পিসে লং হর্নসের মোটিফ। নাসাতেও এরা তাই সসম্মানে বিরাজমান। কে জানে সংস্কারের বশে রকেট উৎক্ষেপণের সময় পয়া হিসেবে এদের ডাক পড়ে কিনা।

জনসন স্পেস সেন্টারে দ্রষ্টব্য বস্তুর তালিকা কিন্তু বেশ লম্বা। মাত্র দেড় ঘন্টার ট্রাম রাইডে এর সামান্যই দেখা সম্ভব অন্তত ঘন্টা পাঁচেক সময় হাতে নিয়ে আসা উচিত। লেভেল নাইন বলে একটা ট্যুর প্রোগ্রাম আছে, যেটা সত্যিই অসাধারণ অভিজ্ঞতা। অন্তত একদিন আগে টিকিট কাটা উচিত নয়তো হতাশ হতে পারেন। টিকিটের দাম বেশ চড়া, প্রায় নব্বই ডলার। সেটা অবশ্য আর খোঁচা দেবেনা ট্যুরটা সারার পরে। ট্রাম ট্যুরে যতটা দেখবেন তার থেকে অনেক বেশি কাছ থেকে অনেক বেশি ডিটেলে নাসার কর্মকাণ্ড জানার সুযোগ পাবেন এই প্যাকেজে। নতুন-পুরোনো দুটো মিশন কন্ট্রোল আছেই। সেই সঙ্গে বাড়তি পাওনা আরও অনেক কিছু। যেখানে মহাকাশচারীদের ট্রেনিং হয় সেখানে ঢোকার সুযোগ এমবকি ভাগ্য ভাল থাকলে তাদের সঙ্গে বসে খাওয়াদাওয়াও করা যাবে। যাবতীয় প্রশ্নের উত্তর দেবার জন্য তৈরি আছেন বিশেষজ্ঞরা। একটা কথা বলে রাখা দরকার, ১৪ বছরের কম বয়সিরা লেভেল নাইন ট্যুরে যেতে পারেনা।

জনসন স্পেস সেন্টারের ৯ নম্বর বিল্ডিংটা খুব ইন্টারেস্টিং। বিশাল ফ্লোর জুড়ে ছড়িয়ে ছিটিয়ে স্পেস স্টেশনের নানা অংশ। অতীতের তো বটেই ভবিষ্যতের অভিযান সম্পর্কেও আইডিয়া পাবেন। রোভার থেকে রোবট, নভোশ্চরদের স্পেস স্যুট, সব নাগালের মধ্যে। কী রোমাঞ্চকর অভিজ্ঞতা ভাবা যায়না! হলিউডের সিনেমাতে যা দেখে মুগ্ধ হই তাতো একেবারে শিশু এগুলোর কাছে! বিজ্ঞানী, ইঞ্জিনিয়ার, মহাকাশচারীরা নীরবে কাজ করে যাচ্ছেন আর আমার আপনার মতো সাধারণ মানুষ একেবারে কাছাকাছি দাঁড়িয়ে দেখছি সেই বিপুল কর্মকাণ্ড, এই অভিজ্ঞতাকে ঐতিহাসিক ছাড়া আর কী বলা যায়!

আর যেটা একদম মিস করা চলবেনা, সেটা হোল থ্রিডি শো। ছোটদের তো বেশি ভাল লাগবে। হাতের মুঠোয় গ্রহ-নক্ষত্র, নাকের পাশ দিয়ে বোঁ করে চলে গেল রকেট, গোটা মহাকাশটাই যেন নেমে এসেছে কোলের ওপর। নাসায় ঘুরতে ঘুরতে আমার মনেহচ্ছিল যেন ফিরে গেছি ছেলেবেলায়, সেই যখন সন্ধেবেলায় ছাদে উঠে তাকিয়ে থাকতাম আকাশের দিকে।

কী অপার রহস্য! বড়োরা যখন চিনিয়ে দিতেন কোনটা শুকতারা, কালপুরুষ, নক্ষত্রমালায় কার কী নাম, অবাক হওয়ার সীমা থাকতনা। অলৌকিক মনেহোত দূরের জগৎটাকে। একটু বড়ো হয়ে বিজ্ঞানের বইতে যখন পড়লাম মহাকাশের কথা, ইংরেজি কল্প বিজ্ঞানের সিনেমায় দেখলাম কল্পনা আর বাস্তবের মিশেলে বোনা বিষয়, অনেককিছু জানা হোল বটে কিন্তু রোমাঞ্চ-টা রয়েই গেল। নাসায় ঘুরতে ঘুরতে বুঝলাম মহাকাশ একটা অদম্য টানে মানুষকে টানে, হয়তো সেটা মাধ্যাকর্ষণের বীপরীত বিপরীত কোনও টান। ছোটবেলায় তারা দেখার মধ্যে দিয়ে সেই রোমাঞ্চকর টানের শুরু আর সেই টান থেকে যায় আজীবন।

by Srishti Banerjee

by Samhita Bhowmick

রহিমচাচার ডেরা / বীথি চট্টোপাধ্যায়

কলেজে পড়বার সময় থেকেই শুনেছি যে কলকাতার অনেক জায়গায় নাকি ভূত আছে। রাইটার্স বিল্ডিং তো একসময় নাকি ভূতেদের একচ্ছত্র আস্তানা ছিল। আমি যখন কম বয়েসে পায়ে হেঁটে কলকাতাকে দেখেছি অথবা এখন যখন গাড়ি থেকে কলকাতাকে দেখি তখন এই ভূতের বিষয়টি প্রায়ই মনে আসে। একদিন বিকেলে পুরোনো নিউ মার্কেটের ভিতর ঘুরছিলাম। বেশ কয়েক বছর পর নিউ মার্কেটে গিয়েছিলাম সেবার। কলকাতায় ইতিমধ্যে বহু শপিংমল তৈরি হয়েছে। সাউথ সিটি মল, কোয়েস্ট মল, আক্রোপেলিস মল আর-ও কত কী। এইসব মলে যা যা পাওয়া যায় নিউ মার্কেটে সেই সবই পাওয়া যায়, আবার নতুন নতুন মলে যা কিছু পাওয়া যায়না তাও পাওয়া যায় নিউ মার্কেটে। দশ টাকার জিনিস পাওয়া যায়, দশ লক্ষ টাকার জিনিস পাওয়া যায়। এইসব ভাবতে ভাবতে নিউ মার্কেটে ঘুরছিলাম। সস্তায় শ্বেত পাথরের টেবিল, শোপিস পাওয়া যেত এখানকার একটা দোকানে। সেই দোকনটা খুঁজছিলাম। মনে মনে ভাবছিলাম দোকানটা গেল কোথায়? আমি তো দোকানটা স্পষ্ট চিনি। নাহুমস বলে এখানে যে বিখ্যাত কেকের দোকান তার বিপরীতেই তো ছিল সেই দোকান।বছর খানেক হবে এদিকে আসা হয়নি তারমধ্যে দোকানটা উঠে গেল নাকি ? নাহুমসের সামনে দাঁড়িয়ে এধার ওধার দেখছি। পা-দুখানি ভারি ভারি লাগছে, ক্লান্ত লাগছে। এমনসময় আমার পিছন থেকে বেরিয়ে এলেন রহিম চাচা। সাদা পাজামা-পাঞ্জাবি পরা, মাথায় টুপি, ছোটোখাটো চেহারা। বেশ অবাক হলাম। প্রায় কুড়ি বছর রহিম চাচাকে দেখিনি। আমি ভেবেছিলাম উনি বুঝি আর নেই। উনি নিউ মার্কেটে কুলি ছিলেন প্রথমে তারপর ধীরে ধীরে নিউ মার্কেটের অনেক কিছু উনি শাসন করতে শুরু করেন। হকারের থেকে কমিশন, জিনিসের বিক্রি থেকে বখরা, কোন ভিখিরি কোথায় বসবেন এসব বিষয়ে ওঁর অধিকার জন্মায়। মার্কেটে অনেকগুলি দোকানের মালিক হয়ে যান রহিম মিঁয়া। বহুযুগ আগে তখন আমি কলেজে পড়ি নিউ মার্কেটের আনাচে কানাচে রহিম মিঁয়ার দাপট দেখেছি। তবে সাধারণ খদ্দেরদের সবসময় সাহায্য করতেন রহিম মিঁয়া আর তাঁর লোকজন। আমি যখন কলেজের গন্ডি পেরোইনি তখন থেকে রহিম মিঁয়াকে চিনি, উনিও আমার সঙ্গে এমন ব্যবহার করতেন যেন আমি ওর খুব কোন-ও আপনজন। কলেজের ছাত্রদের হাতে তখন পয়সা থাকতনা একেবারে। পুজোর বাজার করতে বা বড়োদিনে নিউ মার্কেটে বেড়াতে এলে প্রায়ই রহিম মিঁয়া বলে দিতেন কোথায় পাবো শাড়ির পাড়, জামায় বসানোর লেস। নিজের লোক দিয়ে দোকান চিনিয়ে দিয়ে আসতেন। তখন তো তাঁর লোকজনের হাতে সেভাবে বকশিস দিতে পারতামনা কিন্তু রহিম চাচা প্রতিবারই সাহায্য করতেন। বিশাল আকারের চারটি কুকুর ছিল তাঁর। তারা রহিম চাচার দুপাশে সার বেঁধে শুয়ে থাকত। একটা বেড়াল থাকত রহিম চাচার কোলে। তার নাম নূরী। যখন রহিম চাচার সঙ্গে আমার একটা পাকাপাকি স্নেহ-ভালবাসার সম্পর্ক তৈরি হয়ে গেল তখন নূরীকে কত কোলে নিয়েছি। নূরী ছিল যেন ঠিক রহিম চাচার মেয়ে, তারমানে সে আমার বোন হোত সম্পর্কে। তবে নূরী বোধহয় আগন্তুকদের এত আদিখ্যেতা পছন্দ করতনা। কোলে নিলে ঝটপট করে নেমে যেত, ঢুকে যেত টেবিলের তলায়। কিছু কিছু ব্যক্তিগত কথা হোত রহিম চাচার সঙ্গে। বছরের পর বছর ধরে বলা টুকরো টুকরো কথা সেসব। জেনেছিলাম ছেচল্লিশের দাঙ্গায় রহিম চাচার পুরো পরিবারটি ধ্বংস হয়। রহিম চাচার বয়েস তখন আট বছর। আল্লাহর মর্জিতে তিনি বেঁচে যান। মসজিদের সামনে বসে ভিক্ষে করতেন ছোটবেলায়। তারপর কুলি, তারপর রীতিমত মস্তান হোয়ে ওঠেন। তাঁর নামে নাকি মানুষ খুনের মামলাও হয়েছিল। প্রমাণ করা যায়নি। রহিম চাচা মাথা নেড়ে নেড়ে এসব বলতেন।

নিউ মার্কেটে আমার তেষ্টা পেলে, দোকানে দোকানে ঘুরে পা ব্যথা করলে রহিম চাচার দোকানে বসে বিশ্রাম নিতাম। তারপর একদিন দেখলাম রহিম চাচার কোল শূন্য। সেখানে নূরী নেই। নূরী না ফেরবার দেশে চলে গেছে। শূন্য কোলে রহিম চাচাকে কী উদাস দেখাচ্ছিল । নূরী যেভাবে অদৃশ্য হয়ে গিয়েছিল সেভাবে আস্তে আস্তে অদৃশ্য হয়ে গেল রহিম চাচার দোকানের বুড়ো কর্মচারি, সময়ের নিয়মে উবে গেল ওঁর কুকুর। চারপাশের কত দোকান বদলে গেল। হয়তো ছিল কাপড়ের দোকান হয়ে গেল বাসনের। রহিম চাচার বয়েস বেড়ে চলল। নতুন মস্তান উঠে এল মহল্লায়। রহিম চাচা পুরো দস্তুর দোকানদার হয়ে গেলেন। আমিও বাউন্ডুলে ছাত্র থেকে হলাম হিসেবি নাগরিক। কিন্তু আমাদের পুরোনো সম্পর্ক বজায় ছিল। এরপর একদিন নিউ মার্কেটে গিয়ে আর রহিম চাচাকে দেখলামনা। তাঁর কাপড়ের দোকানে তাঁর চেয়ারটি দেখলাম শূন্য। তারপর একদিন দেখলাম তাঁর কাপড়ের দোকানে অন্য এক মাড়োয়াড়ি ভদ্রোলোক। তিনি খুব ভক্তিভরে মা লক্ষী আর গনেশের ছবিতে মালা পরাচ্ছেন। বছর দুই পরে সেই মাড়োয়াড়ি ভদ্রলোকটিকেও আর দেখা গেলনা। ওই কাপড়ের দোকানে গড়ে উঠল একটি ছোট বিউটি পারলার। এক আংলো ইন্ডিয়ান মহিলাকে সেখানে বসে থাকতে দেখলাম একবার। ক্রমে কেটে গিয়েছে প্রায় কুড়ি বছর। আমার নিজের নিউ মার্কেট যাওয়া এখন প্রায় হয়েই ওঠেনা। হঠাৎ কিছুদিন আগে আমার বাড়ির একটা খুব পুরোনো শ্বেত পাথরের টেবিল ভেঙে গেল। ওই রকম আর একটা টেবিল কোথাও পাইনা। আবার অনেকদিন পরে গেলাম নিউ মার্কেটে। কিন্তু শ্বেত পাথরের জিনিস বিক্রি হোত যে দোকানে সেটা খুঁজে পাচ্ছিলামনা। হাঁপিয়ে উঠছিলাম। সেই সময় আকস্মিক সামনে এসে পড়ল রহিম চাচা! এতদিন পরে! চেহারাতো বিশেষ কিছুই বদলাইনি! আমাকে বললেন ' আর আসেন না তো এদিকে? আমাদের ভুলে গিয়েছেন?' আমি কিছুটা বিহ্বল হয়ে বললাম " এদিকে আসা হয়না এখন খুব একটা কিন্তু আপনাদের কী ভুলতে পারি রহিম চাচা? আমি তো আপনাকে খুঁজেছিলাম। আপনি কোথায় ছিলেন এতদিন।" রহিম চাচা হাসলেন "রিস্তেদারের কাছে।" বলে আমাকে হাত নেড়ে ডেকে নিজে হাঁটতে শুরু করলেন। এই ভঙ্গি আমি খুব চিনি । রহিম চাচা এবার আমাকে দোকানটা চিনিয়ে দেবেন। আমি হাঁটলাম ওঁর পেছন পেছন। নিউ মার্কেটের পিছনে একটা দোকান দেখিয়ে দিলেন আঙুল তুলে। সেটা শ্বেত পাথরের আসবাবের দোকান। এই দোকানটা আমি চিনতামনা। যে দোকানটা চিনতাম তারমানে সেটা আর নেই। দোকানে ঢুকবার আগে রহিম চাচাকে বললাম " আসুন আপনিও।" উনি বললেন "আপনি যান, কিনুন জিনিস। আমি এখানেই আছি। এখানেই থাকব।" পছন্দ মতো টেবিল কেনা হল। দোকান থেকে ওরা টেবিল বাড়িতে দিয়ে যাবে টেম্পো করে সেই ব্যবস্থা করলাম। দোকান থেকে বেরিয়ে রহিম চাচাকে খুঁজছি। ওঁর কাছে বিদায় নেব বলে, কথা বলব বলে। কিন্তু কোথায় গেলেন রহিম চাচা? আমাকে যে বললেন "এখানেই আছি, এখানেই থাকব।" এতদিন পরে উনি কোথা থেকে এলেন? কুড়ি বছর পার হয়ে যাবার কোনও ছাপ নেই কেন ওঁর চেহারায়? আমার বয়েস বেড়েছে কিন্তু রহিম চাচার বয়েস বাড়েনি কেন? আমি যে শ্বেত পাথরের টেবিল খুঁজছি তা উনি জানলেন কীভাবে? অদ্ভুত! আমি দোকানটা চিনতাম বলে বশেপাশে কাউকে তো জিজ্ঞাসাও করিনি কিছু। রহিম চাচা বুঝি এখন না বলা কথা বুঝতে পারেন?

পুরোনো নিউ মার্কেটের ওপর অন্ধকার নেমে আসছে। জায়গাটা ফাঁকা। চারপাশের পুরাতন শ্যাওলা ধরা দেওয়াল গুলো গম্ভীর। ফিবর বলে পা বাড়ালাম। কোন-ও পুরোনো দেওয়ালের পাশে হয়তো রহিম চাচা দাঁড়িয়ে রয়েছে।

মাত্রাবৃত্তে দুটি পয়ার / ফরিদ আহমদ দুলাল

নিবেদন-১

নির্ঘুম রাতগুলো ঝিমায় একাকী
তখনো গোপনে তার কিছু বলা বাকি,
তুমি যদি সাকি হও মদ্যপ আমি
স্বর্গে শরাব দেবে অন্তর্যামী;
স্বর্গে যেখানে থাকি ঘন নির্জনে
অলকানন্দা তীরে সন্তর্পণে,
দ্রাক্ষা বাগান পাশে পারিজাত বনে
মরে যাবো তুমি আমি মধুচুম্বনে।

মরেও অমর হবো পরকীয়া পাপে
পুণ্য ছড়াক বিষ অভিসম্পাতে;
নরকে যাবো না আমি তুমি সাথি হলে
রৌরবে সুখ পাবো প্রেমের আঁচলে
মায়াবী আঁচল প্রেমে ঘাম মুছে দিলে
স্বর্গ রচিত হবে স্কন্ধের তিলে।

নিবেদন-২.

ভোলার মন্ত্র শিখি চলমান নদে
স্মরণের যন্ত্রণা আছে পদে পদে।
চুম্বন চিহ্নটা মুছে যায় বটে
তৃষ্ণার মুহূর্ত জাগে স্মৃতিপটে।
বিস্মৃত হতে চাই অনুনয় কলা
অতলান্তে ডুবুক ডাহুকির বলা
মৌন থাকুক আজ অনুপম রাত
ভুলে যেতে চাই কবে হাতে ছিল হাত।

ব্যথিত পাখির গান সুর যদি ভোলে
মায়া বন্ধন ফেলে যাবেই তো চলে!
স্বর্গ নেবো না আমি সেধে যদি দাও
নরক-অগ্নি তুমি আমায় পোড়াও
পোড়ার জন্য বাঁচি বিদগ্ধ বাঁচা
দহনে অরুচি নেই আবদ্ধ খাঁচা।

শ্রদ্ধাস্পদেষু পবিত্র সরকার / কালীকৃষ্ণ গুহ

চুরাশিতে পা --
আনন্দ সকাল
শান্ত শুভ্র দিন
আনন্দসন্ধ্যা।

সামনে দাবদাহ
অনেক কাজ বাকি
সামনে বর্ষাকাল
কালের প্রবাহ!

চারদিক গাছপালা
অনেক পশুপাখি
বিশ্বভরা প্রাণ
কত-যে মশাল জ্বালা।

সমস্ত ভিক্ষা
গ্রহণ করে ভাবি
একটা জীবন শুধু
একটি অগ্নিশিখা।

by Oishiki Dutta

মায়া / শুভঙ্কর নূতন

হঠাৎ কোন স্মৃতি বেয়ে নেমে যাচ্ছ?
মাছরাঙা পাখির মত উদার ও উজ্জ্বল হয়ে হয়ে-
মহত্তর উদ্যান বিছিয়েছো চিবুকের নীচ বরাবর।
বহু দূরত্বে ধূ-ধূ বালুচর আর শাশ্বত অপরিচয়ের স্তবক নিয়ে অপেক্ষায় আছি।

আদতেই শিখে ফেলেছো সবই। রেখেছো-
বুকের ওপর পাঁচ আঙুল শরমাপন্ন! যতখানি -
আড়াল রাখা বোঝানো সম্ভব! যেখানে -
এযাবৎ কালের মুমূর্ষু আয়ুগান রেখেছি! তুলেছি -
লাল লাল প্রাগৈতিহাসিক নখরাঘাত!

চিরনিঃসঙ্গতা উপহার দেওয়ার আগে, ছিনিয়ে নিয়েছি -
চোখের কোনায় প্রতিপদের তিল।
পিৎ বর্ণ থেকে বাদামী, কালো, আঁধার ঢেলে দিচ্ছো আমার উপর...
'আর রেখো না আঁধারে, আমায় দেখতে দাও।'

অলীক বিভাজন / সুদীপ্ত চ্যাটার্জি

তোমার শরীর বরাবর একটা অলীক বিভাজন/ একপাশে জড়ো করেছো ক্ষোভ ও ক্ষুধা/ অন্যপাশে রাখা একটা ম্যাজিক লণ্ঠন অজস্র অনুভূতির কুয়াশা সরিয়ে তার ধর্ম রক্ষা করছে/ মাথার ওপর যে বিলম্বিত মেঘের বৃষ্টি দেবার কথা ছিলো সেও রেখে গেছে বিস্ময়/ শরীরগামী জল একদিন সত্যাশ্রয়ী হবে/ স্বপ্নকাতর কিছু গাছ মাথা তুলে দেখছে কোথায় রাখা আছে ঘুম আর কোথায় জেগে থাকার প্রয়াস/ বিচ্ছিন্ন কিছু নক্ষত্র আলোর বদলে দিয়ে গেল আভা/ তোমার এক গালে পেলব চন্দন/অন্যদিকে বিক্ষত অবিশ্বাস শরীরের কোথাও রেখেছে ফুল ও ফসল / কোথাও শ্মশানচারী রাত রেখে গেলো কৃষ্ণমুখ

by Ishan Dutta

নিঃসঙ্গতার প্রগাঢ় প্রেমিক / পিয়াস মজিদ

নৈকট্যে নৈঃসঙ্গ্য বাড়ে,
তুমি তার প্রবল প্রেমিক,
পরিচিত বিতানে
অচেনা অর্কিড।
নিশ্বাস ফুরিয়ে এলে
গীতিহীন ফুটেছি ভীষণ
গহীন গজলের
গোপন-গোলাপে!
কবিরা গলদঘর্মে
তদন্তে-তল্লাশে,
যদিও কবিতা থাকে
কবিতারও ক্রোশ-দূরে,
রূপের অধিক
তীব্র কোনো রক্তকল্পে।
তারাদের পটভূমে
ধাতব লোকালয়ে
বুনো সেই অর্কেস্ট্রা
আজকের পদকর্তা;
সনেটের স্বর্ণাভা,
দীর্ঘধূসর কবিতা,
মায়াবী জলের জিঞ্জির
আর এক তিমির লিরিক।
ফাটা ডিমে তা দেয়া জীবনকে যেতে হলে যখন মানুষ
মৃত্যুকে 'মোবারক' বলে ; তারপরই তো
অঝোরে আমাদের
কবিজন্ম ঘটে থাকে,
বৃষ্টিরুহের দাউদাউ
সুর-বাগিচাতে।

সব ঝুট হ্যায় / প্রণতি ঠাকুর

সারারাত বৃষ্টির নূপুর বেজে চলছিল বিলম্বিত লয়ে,
মন-খারাপ-করা অন্ধকার জড়িয়ে
হাঁটতে শুরু করলাম অচিনপুরের পথে,
দূর থেকে ভেসে আসছে কিছু কথা!
ত..ফা..ৎ যা.....ও,
তফাৎ যাও, সব ঝুট হ্যায়,
মেহের আলীর কঠিন কণ্ঠ,
সব ঝুট হ্যায়,
পৃথিবীর শরীরে অসুখের পোশাক,
অন্ধকারে মুখ ঢাকা প্রিয় গ্রহের,
মেহের আলী থেকে লক্ষ
মেহের আলী বলে চলেছে,
তফাৎ যাও... সব ঝুট হ্যায়....
বৃষ্টির শব্দ অন্য ছন্দে বলতে লাগল,
সব ঝুট হ্যায়, সব ঝুট হ্যায়।
মেহের আলী, তোমার নামের বিশেষণ "পাগলা",
ভুলে যাই এমন পাগল মাঝেমধ্যে
ডাক দিয়ে যায় মনের অলিগলিতে,
তোমাকে খুব মনে পড়ছে মেহের আলী,
নিজেকে শুধোই....
কার থেকে তফাৎ যাব!
মায়াজাল কাটতে সময় লাগে,
'সব ঝুট হ্যায়' বুঝেও হাত বাড়াই
প্রিয় মুখের দিকে।
ভালবাসা অন্তহীন জেনেও মনের
মধ্যে বেজে ওঠে.....
তফাৎ যাও... সব ঝুট হ্যায়।

by Ved Bhowmick

কিশোরী বিনুর গল্প

দীপিকা ঘোষ

এবার বৃষ্টির মৌসুমে বৃষ্টি নয়, প্রতিদিন ধূলোর ঝড়ে ভরে উঠছিল চারপাশ। শহরের ব্যস্তময় রাস্তাঘাট সেই ঝড়ে অন্ধ হতে হতে দাঁড়িয়ে পড়ছিল অচল হয়ে। আকাশের শরীর জুড়ে কখনো কালো মেঘ জমে উঠলেই নেমে আসছিল ধূলোর ঝড়। তাই দেখে শহরবাসীরা ভাবছিল -
কংক্রীটের শহরে কোথা থেকে উড়ে আসে এত ধূলো?
সপ্তাহ জুড়েই চলছিল প্রকৃতির এই আচরণ। কিন্তু তাতে কিশোরী বিনোদিনীর কী বা আসে যায়? সে রোজ দেহমনে ফুটে ওঠার আনন্দে বিবশ হতে হতে বিকশিত হয় নিয়মিত। কে জানে কোন আনন্দের ঘোর লেগেছে তার গোপন প্রাণের চেতনায়। জীবনের সব রকম খুঁটিনাটি না জেনেও পরম নিশ্চিন্তে বিনু প্রতিদিনই ফুটতে থাকে মুদিত কুঁড়ির পাঁপড়ি খুলে। পুষ্পিত হতে হতে সুকোমল হয়ে ওঠে জীবনরসের স্পর্শে। বিনোদিনীর ফুটে ওঠার দিকে বাড়ির গৃহকর্ত্রীর কঠিন চোখ সারাক্ষণই পাহাড়ায়। তার কড়া শাসন সর্বদা ছুঁয়ে থাকে বিনুর আপাদমস্তকে নজর ফেলে। থাকবে না? এ বয়েসকে বিশ্বাস করতে আছে কারও? বিশেষত যেখানে তার নিজের ঘরেই যুবক ছেলের উপস্থিতি? কিশোরী বিনুর কুঁড়ি থেকে পুষ্পিত হওয়ার অবাধ্যতা তাই অস্থির করে মানালিকে। ছেলের সামনে তার চকিত হাসির আভাস দেখলেই ক্ষেপে ওঠে তপ্তকিরণ বিরক্তিতে -
এ্যাই! শুধু শুধু হাসছিস কেন ওভাবে? কী দেখে এত হাসি পায়? বলেই সে ছেলের মুখে তাকায়।

এ জিজ্ঞাসার জবাব জানে না বিনু। কী উত্তর দেবে সে? বরং এমন প্রশ্নে তার চকিত হাসি হঠাৎ করে শরীর ছাপিয়ে ছড়িয়ে পড়ে। হঠাৎই খিলখিলিয়ে জলকল্লোলের মতো আরও জোরে হেসে ওঠে কিশোরী। আড়াল নিয়ে সামনে বসা তরুণের দিকে চায়। মানালির ঊনিশ বছরের ছেলে টিভির পর্দা থেকে চোখ সরিয়ে দৃষ্টি ফেলে বিনুর মুখে। তাতে মুহূর্তে কিশোরীর শ্যামলা মুখে লজ্জাবতীর পরশ লাগে। পেলব মুখ রঙের জোয়ারে রাঙা হয়ে ওঠে পলকে। যেন অচেনা অনুভবের চোয়ানো স্রোত চুঁইয়ে পড়ছে দেহ বেয়ে। লজ্জার ছায়া শিহরণ তুলতেই মাথা নিচু করে বিনু। সব দেখেশুনে মানালির চোখের পাতা তিরতিরিয়ে কাঁপে। কী সর্বনাশা অমোঘ মুহূর্ত তার চোখের সামনে আসে যায়! এসব দৃশ্য দৃষ্টি ছুঁলে সহ্য করা যায় কখনো? জীবনের সব গোপন পাঠ জানা আছে যে মানালির। সে কারণেই তার হৃৎপিণ্ড উথাল পাথাল করে। সে পরক্ষণেই ধমকে ওঠে গভীর শঙ্কার আবেগ নিয়ে -
শুধু শুধু এখানে দাঁড়িয়ে হাসাহাসি করলে চলবে? কাজের দিকে মন নেই? কখন বলেছি, ছাদ থেকে সব জামাকাপড় নামিয়ে আনতে? কোনো কথা যদি কানে ঢোকে!

বিনু অবশ্য ছাদে গিয়েছিল। তবে তার উড়ুউড়ু মন শরৎ মেঘের মতো কোথায় যে হারায় থেকে থেকেই। সে তাই বলতে ভুলে গিয়েছিল। এখন মনে পড়তেই খলখলিয়ে ওঠে -
ছাদে তো গিয়েছিলাম কাকিমণি। জামাকাপড় এখনো শুকোয়নি।
শুকোয়নি মানে কী? কোনো কাজ ঠিকমতো করতে পারিস না? নিশ্চয়ই তারের ওপরে জড়ো করে রেখেছিলি?
না না। খুব ভালো করেই ছড়িয়েছিলাম।
এটুকু বলতেই ফের বিনুর মুখে হাসি গড়ায়। চোখের কোলে গোপন অভিসার লুকোচুরির খেলা খেলে। দৃষ্টি ছুঁয়ে রঙিন প্রজাপতির ঝলমলানি ঝলসে ওঠে। পলকেই তা আছড়ে পড়ে ঊনিশ বছরের তরুণের মুখে। মানালির ঝানু চোখ সব দৃশ্যই দেখতে পায়। বুকের গহ্বরে অগ্নিকুণ্ড জ্বলে তার। কঠিন স্বর আরও বেশি কঠিন হয়ে ওঠে -
